

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

নং ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩- ১১৫৮

তারিখ : ২২ সেপ্টেম্বর, ২০১৫

পরিপত্র


বিষয় : উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় "আসবাবপত্র সংগ্রহ/মেরামত" শীর্ষক অনুচ্ছেদ ৫(ছ) সংশোধন।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩-১০৬৭; তারিখ: ১০ নভেম্বর, ২০১৪।

পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০১৪ এর অনুচ্ছেদ ৫(ছ) নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো :

"৫.(ছ). আসবাবপত্র সংগ্রহ/মেরামত : উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ দ্বারা পরিষদের সিদ্ধান্তক্রমে এক অর্থ বছরে নতুন আসবাবপত্র ক্রয় খাতে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ে পিপিএ, ২০০৬, পিপিআর, ২০০৮ এবং এতদসংক্রান্ত সকল আর্থিক বিধি-বিধান অনুসরণ করে ক্রয় করা যাবে। প্রতি অর্থ বছরে উক্ত অর্থের অতিরিক্ত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয়ে আসবাবপত্র মেরামত করা যাবে। নতুন আসবাবপত্র ক্রয়ের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে।"

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ শহীদুল ইসলাম)
যুগ্ম-সচিব
ফোন : ৯৫৪০৪৮৯

নং ৪৬.০৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩- ১১৫৮/১ (১)

তারিখ : ২২ সেপ্টেম্বর, ২০১৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। সিনিয়র সচিব/সচিব.....মন্ত্রণালয়/বিভাগ।
- ২। বিভাগীয় কমিশনার (সকল),.....বিভাগ।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার (সকল),.....বিভাগ।
- ৪। জেলা প্রশাসক (সকল),.....জেলা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৬। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল),.....জেলা।
- ৭। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। চেয়ারম্যান (সকল),.....উপজেলা পরিষদ,.....জেলা।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল),.....উপজেলা.....জেলা।
- ১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান(সকল),.....উপজেলা পরিষদ,.....জেলা।
- ১১। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পরিপত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


22/09/2015
(ড. জুলিয়া মর্সন)
সিনিয়র সহকারী সচিব